

## ২০. উৎসাহিত হোন এবং উৎসাহিত করুন

প্রসংশা শুধু মহান আল্লাহর রাক্বুল ইজ্জাহ এর জন্য। দরুদ এবং সালাম প্রিয় নবী মুহাম্মাদ সাঃ এবং তাঁর পরিবার এবং সমস্ত সাহাবাদের উপর যাদের উপরে আল্লাহ সন্তুষ্টির ঘোষণা দিয়ে দিয়েছেন।

আমার প্রিয় ভাই - আপনি এবং আমরা সবাই এমন এক সময়ে বসে আছি যা বিভিন্ন দিক থেকে অকল্পনীয় গুরুত্ব বহন করে। এই সময় শুধু ফিতান এবং কস্টের তাই নয়, এই সময় অনেক বরকতের ও বটে!

আপনি আজ হয়ত শুধু মুখে জিহাদের কথা বলতে পারছেন, এখনো এখানে জিহাদের ময়দান খুলে যায়নি। কিন্তু তার মানে এই না যে কোনদিন ও খুলে যাবেনা! আপনি বিশ্বাস রাখেন একদিন এই জমিন জিহাদের শানে চমকিত হবে আর দলে দলে শাবাব রা জিহাদের কাফেলায় যোগ দিবে ইনশা আল্লাহ। না আমি বাড়িয়ে কিছু বলছি না ইনশা আল্লাহ। আর আজ আপনি যদি তেমন এক কাফেলার জন্য রাস্তা তৈরি করেন তাহলে আপনার সম্মান কেমন হতে পারে!

রাসুল সাঃ এর একটি হাদিস আছে ফিতান এর সময়ে মুমিনের আমল সাহাবীদের ৪০ জনের আমলের সমান হবে। অবশ্যই এর অর্থ সাহাবীদের সম্মান এর সমান নয়।

আপনার উৎসাহিত হবার জন্য এটাই যথেষ্ট যে আপনি আল্লাহর দ্বীনের জন্য কাজ করছেন। আচ্ছা আপনাকে একটা উদাহরন দেই। আপনি দেখেছেন দুনিয়ার কোন বড় কোম্পানির যেমন ধরেন গুগল কিংবা ফেসবুক, এরকম কারো হয়ে কেউ যদি কাজ করার সুযোগ পায় তবে তার অনুভূতি কেমন হয়? সে নিজেকে এমন ধন্য মনে করে যে ভাষায় বলে প্রকাশ করা সম্ভব না। এবার আপনি চিন্তা করেন সে যদি গুগলের সাথে কাজ করে নিজেকে এমন ধন্য মনে করতে পারে তবে আমি আপনি আল্লাহর কাজ করতে কেন এর চেয়েও বেশি ধন্য মনে করবোনা? যেখানে আমার এবং আপনার কাজ স্বয়ং আল্লাহ পর্যবেক্ষণ করছেন, ফেরেশতারা দেখছেন, দুয়া করছেন এমন কি হুর আল আইন রা পর্যন্ত কখনো কখনো আমাদের জন্য দুয়া করতে থাকেন!

প্রিয় ভাই আমার - আপনি উৎসাহিত হোন, উৎসাহিত করেন।

ভাই আমার - জিন্দেগী খুব বড় নয়। আর আল্লাহ তো খুব  
অল্পতেই আমাদের উপরে রাজি হয়ে যান! যে আল্লাহ কে  
ইমপ্রেস করতে পারলোনা সে আর কাউকেই ইমপ্রেস করতে  
পারবেনা। আল্লাহ কে ইমপ্রেস করা কত সোজা জানেন?  
আপনি পাপ করে যদি তাওবা করেন এতে আল্লাহ আপনার  
উপর এমন বেশি খুশি হয়ে যান যেমন আপনি মরুভূমিতে  
কোন উট হারিয়ে যাবার পর আবার ফিরে পেলে খুশি হোন,  
আসলে আল্লাহ আপনার চেয়েও বেশি খুশি হোন। আমার এবং  
আপনার তাওবাতে আল্লাহ এই পরিমান খুশি হোন।

কিভাবে উৎসাহিত করবেন? আপনি যা কিছু তে উৎসাহিত  
হোন তা কিছু অন্যের মাঝে ছড়িয়ে দেন। আপনার কোন  
কাজকেই ছোট ভাববেন না। প্রিয় ভাই আমার - আপনার এবং  
আমার আল্লাহ অনেক দয়ালু। রাস্তা থেকে সামান্য কোন কাঁটা  
বা কস্টদায়ক কিছু সরিয়ে দেয়াকেও আল্লাহ আমাদের জন্য  
ঈমানের লক্ষণ বানিয়ে দিয়েছেন। তাই কোন কাজ বা কোন  
কথাকেই ছোট মনে করবেন না। আপনি জানেন না, আল্লাহ  
আপনার এই কথা বা কাজ থেকে কি বরকত বের করে নিয়ে  
আসবেন। আজ আপনি যাকে দাওয়াহ দিচ্ছেন আপনি জানেন

না, হয়ত আল্লাহ তাকে একজন শহীদ হিসেবে পছন্দ করেই রেখেছেন!

প্রিয় ভাই আমার - আপনি উৎসাহিত হোন, উৎসাহিত করেন।

কথা বলেন, লিখেন, ভিডিও বানান, নাশিদ করেন - দাওয়াহ দেন হালাকা করেন, সাদাকাহ করেন, দুয়া করেন, তিলাওয়াত করেন। এমন কি ঘুরেন ফিরেন তাফাক্কুর করেন, প্ল্যান করেন, শেয়ার করেন, কमेंট করেন। কিংবা হক্ক থাকা স্বত্বেও মুসলিম ভাইদের কে মাফ করে দেন, বিবাদ কে পরিত্যাগ করেন, কিংবা কোন ভাইকে হাসি মুখে গ্রহন করেন, জি শুধু মাত্র এক টুকরা হাসি তাও সাদাকাহ ... আর কত বলবো ...

প্রিয় ভাই আমার - আপনি উৎসাহিত হোন, উৎসাহিত করেন।

জিহাদের এই মওসুম, শাহাদাতের মওসুম। নিজে জিহাদের জন্য উৎসাহিত হোন, অন্যকেও উৎসাহিত করেন। নিজে শাহাদাতের জন্য উৎসাহিত হোন, অন্যকেও করেন। শাহাদাতের তামান্নাকে নেশা বানিয়ে নেন, আর অন্যকেও উৎসাহিত করেন।

আমাদের জীবন তো এই একটাই - আর শেষ হয়ে গেলে  
রকের সামনে যেন শহীদ হয়ে দাড়াতে পারি, সেদিনের কথা  
চিন্তা করে দেখেন, যেদিন হবে ৫০ হাজার বছর এর সমান।  
যেদিন হবে সবাই হবে চিন্তিত আর ভীত, শঙ্কিত - এমন দিনে  
যদি আমি আপনি আল্লাহর আরশের নিচে সবুজ পাখি হয়ে  
ঝুলে থাকতে পারি তবে তা কেমন লাগবে!

সেদিন মানুষ সারা দুনিয়া এবং এর মধ্যকার সব কিছু এবং  
যদি আরো কিছু থাকে তাও কোন চিন্তা ছাড়াই বিক্রি করে  
দিতে রাজি হয়ে যাবে শুধু মাত্র আপনার মত ঐ আরশের নিচে  
এক মুহূর্ত ঝুলে থাকার জন্য! সারা দুনিয়া বাসী আপনার দিকে  
দেখবে আর আফসোস করবে - এরা আল্লাহর জন্য শহীদ,  
হায় আমি যদি গুগলের মালিক না হয়ে ঐ রকম এক শহীদ  
হতে পারতাম!

আর কি লাগে !

প্রিয় ভাই আমার - আপনি উৎসাহিত হোন, উৎসাহিত করেন।